# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**Date 10-03-2026** **Time: 1.40 PM**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) পশ্চিমবঙ্গের আসন্ন বিধানসভা নির্বাচনে কোনো বৈধ ভোটারের নাম বাদ যাবে না বলে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার আশ্বস্ত করেছেন । এস আই আর-এর লক্ষ্য ভোটার তালিকায় স্বচ্ছতা আনা। ১-শো শতাংশ ভোট কেন্দ্রে থাকছে ওয়েব কাস্টিং-এর ব্যবস্থা, বললেন মুখ্য নির্বাচন কমিশনার।

২) রাজ্যে এস আই আর-এর কাজে নিযুক্ত বিচার বিভাগীয় আধিকারিকদের দক্ষতা ও নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন তোলার অবকাশ নেই বলে সুপ্রিম কোর্ট স্পষ্ট জানিয়েছে। এস আই আর-এর সুষ্ঠু পরিচালনায় একাধিক নির্দেশ দিয়েছে শীর্ষ আদালত।

৩) প্রধানমন্ত্রী ধনধান্য যোজনা দেশের ১০০ টি জেলায় কার্যকর হলেও পশ্চিমবঙ্গ সরকার এই প্রকল্পটি গ্রহণ করেনি বলে কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান লোকসভায় অভিযোগ করেছেন।

৪) পশ্চিম এশিয়ায় যুদ্ধকালীন পরিস্থিতিতে প্রাকৃতিক গ্যাসের উৎপাদন, সরবরাহ বজায় রাখা, সুষম বন্টন এবং নিয়ন্ত্রণের লক্ষ্যে কেন্দ্র, ১৯৫৫ সালের অত্যাবশ্যকীয় পণ্য আইন প্রয়োগ করেছে।

তৈল শোধনাগারগুলিতে এলপিজি উৎপাদন আরও বাড়াতে নির্দেশিকা জারি করেছে সরকার।

oooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গের আসন্ন বিধানসভা নির্বাচনে কোনো বৈধ ভোটারের নাম বাদ যাবে না বলে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার আশ্বস্ত করেছেন। দু দিনের রাজ্য সফর শেষে নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ আজ কলকাতায় সাংবাদিক বৈঠক করেন। সেখানেই জ্ঞানেশ কুমার বলেন, ৮০ হাজারেরও বেশী ভোটকেন্দ্র তৈরী করা হবে এবং তার প্রতিটিতেই থাকবে ওয়েবকাস্টিং এর ব্যবস্থা।

(বাইট – জ্ঞানেশ কুমার)

তিনি জানান, রাজ্যে শান্তিপূর্ণ ভোটের আয়োজন করাই নির্বাচন কমিশনের মূল লক্ষ্য। মুখ্য নির্বাচন কমিশনার আরো জানান, বয়স্ক ভোটারদের সুবিধার জন্য হুইল চেয়ারের ব্যবস্থার পাশাপাশি স্বেচ্ছাসেবক বাহিনীও মজুত রাখা হবে। থাকবে পানীয় জলের ব্যবস্থা। খোলা হবে ভোটার সহায়তা কেন্দ্র। যুব সমাজের অংশগ্রহণ নিশ্চিত করতে আরো বেশী উদ্যোগ নেওয়া হচ্ছে। ভোটার সংক্রান্ত সমস্ত তথ্য ECINET অ্যাপে পাওয়া যাবে। মোবাইল ফোন নিয়ে ভোটকেন্দ্রে প্রবেশ করা যাবে না। তিনি স্পষ্ট জানিয়ে দিয়েছেন, বর্তমান বা প্রাক্তন সরকারী আধিকারিকরা, কোনোরকম রাজনৈতিক কর্মকান্ডের সঙ্গে যুক্ত থাকতে পারবেন না।

এস আই আর সংক্রান্ত এক প্রশ্নের জবাবে জ্ঞানেশ কুমার বলেন, ১৯৫০ সালের জন প্রতিনিধিত্ব আইন অনুযায়ী এই প্রক্রিয়া চালানো হয়েছে, এবং এই প্রক্রিয়ার লক্ষ্য হলো -প্রতিটি বৈধ ভোটার যাতে ভোট দিতে পারেন তা নিশ্চিত করা। ভোটার তালিকায় স্বচ্ছতা আর একটি লক্ষ্য।

ক-দফায় এরাজ্যে নির্বাচন হবে, সে সংক্রান্ত এক প্রশ্নের জবাবে তিনি জানান, তা নির্ভর করবে রাজ্য সরকার আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে কতটা প্রস্তুত, তার ওপর। তার সম্পর্কে কয়েকটি রাজনৈতিক দল যে অসৌজন্যমূলক মন্তব্য করছে, সে সম্পর্কে মুখ্য নির্বাচন কমিশনার বলেন, ভারত একটি গণতান্ত্রিক দেশ, এখানে যে কেউ স্বাধীনভাবে তার বক্তব্য রাখতে পারেন এব্যাপারে তার কিছু বলার নেই।

জ্ঞানেশ কুমার বলেন, নির্বাচন কমিশন জিরো টলারেন্স নীতি নিয়ে চলছে এবং অপরাধীদের বিরুদ্ধে কঠোর থেকে কঠোরতম শাস্তি দেওয়া হবে। নির্বাচন সংক্রান্ত বকেয়া মামলাগুলি সম্পর্কে আদালত ব্যবস্থা নেবে বলে তিনি মন্তব্য করেন।

ooooooooooooooooooooo

এর আগে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার-এর নেতৃত্বে নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ আজ রাজ্যের মুখ্য সচিব নন্দিনী চক্রবর্তী রাজ্য পুলিশের মহানির্দেশক ও বরিষ্ঠ আধিকারিকদের সঙ্গে বৈঠক করেছেন। এরপর তিনি বুথ লেভেল আধিকারিকদের সঙ্গে আলাপচারিতায় মিলিত হন।

oooooooooooooooooooo

পশ্চিমবঙ্গে এস আই আরের কাজে নিযুক্ত বিচার বিভাগীয় আধিকারিকদের দক্ষতা ও নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন তোলার কোনো অবকাশ নেই বলে সুপ্রীম কোর্ট স্পষ্ট বার্তা দিয়েছে। জুডিশিয়াল অফিসারদেরকে এবং কলকাতা হাইকোর্টকে সবরকম আনুসঙ্গিক সহযোগিতা করতে নির্বাচন কমিশনকে নির্দেশ দিয়েছে শীর্ষ আদালত। প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি জয়মাল্য বাগচী এবং বিচারপতি আর মহাদেবনের বেঞ্চে আজ রাজ্যের এস আই আর নিয়ে নির্বাচন কমিশনের বিরুদ্ধে দায়ের হওয়া মামলার সঙ্গেই গতকাল রাজ্যের তরফে পেশ করা আরো একটি আবেদনের শুনানি হয়। সেখানেই প্রধান বিচারপতি বলেন, সমাজের কাছে ভুল বার্তা যায় এমন কোনো মামলা এখনই যাতে না করা হয়।

এছাড়াও এস আই আর-এর সুষ্ঠু অগ্রগতি সুনিশ্চিত করতে একাধিক নির্দেশ দিয়েছে শীর্ষ আদালত।

১০ লক্ষের বেশি নামের নিষ্পত্তি হয়ে গেলে একটা ক'রে অতিরিক্ত তালিকা প্রকাশ করতে হবে। লজিক্যাল ডিসক্রিপেন্সিতে নিষ্পত্তি হওয়া ভোটারদের অতিরিক্ত তালিকা প্রকাশের বিষয়ে কমিশন এবং রাজ্য দু'পক্ষই কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির কাছে আবেদন জানাতে পারবেন। যাঁদের নাম বাদ যাচ্ছে তাদের বিষয়ে আপিল জানাতে কলকাতা হাইকোর্টের প্রাক্তন প্রধান বিচারপতি বা অন্যান্য বিচারপতি বা পাশ্ববর্তী রাজ্যের হাইকোর্টের প্রাক্তন প্রধান বিচারপতি বা অন্যান্য বিচারপতিদের নিয়ে বেঞ্চ গঠন করতে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতিকে নির্দেশ দেওয়া হয়েছে।

বেঞ্চে কতজন করে সদস্য থাকবে, তা স্থির করবেন কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি। এদের নিয়োগের সমস্ত খরচ নির্বাচন কমিশনকে বহন করতে হবে বলেও নির্দেশ দিয়েছে শীর্ষ আদালত।

বিচার বিভাগীয় আধিকারিকদের সবরকম প্রয়োজনীয় সুবিধা-প্রদানের জন্য রাজ্য সরকারকে নির্দেশ দেওয়া হয়েছে।

oooooooooooooooooooo

শিক্ষক নিয়োগ পদে নবম-দশমের তথ্য যাচাই ও ইন্টারভিউয়ের দিনক্ষণ এবং একাদশ-দ্বাদশের কাউন্সেলিং ও সুপারিশপত্র দেওয়ার দিনক্ষণ ঘোষণা করেছে স্কুল সার্ভিস কমিশন। এসএসসি জানিয়েছে, ২৩ মার্চ থেকে পরবর্তী দুমাস নবম-দশমের তথ্য যাচাই-এর পর ইন্টারভিউ নেওয়া হবে। এসএসসি-র আঞ্চলিক দপ্তরগুলিতে এই প্রক্রিয়া সম্পন্ন হবে। তবে তথ্য যাচাই ও ইন্টারভিউ একই দিনে হবে না। সেজন্য আলাদা দিন স্থির হয়েছে। এই বিষয়ে বিস্তারিত পরে জানানো হবে। একই ভাবে একাদশ-দ্বাদশের কাউন্সেলিং হয়ে সুপারিশপত্র দেওয়া হবে ২৪ মার্চ থেকে ৮ মে পর্যন্ত। কাউন্সেলিংয়ের পর এসএসসি-র প্রধান অফিস থেকে ঐদিনই সুপারিশপত্র দিয়ে দেওয়া হবে বলে জানান হয়েছে।

এদিকে, সুপ্রিম কোর্টের নির্দেশে ৯৫ জন স্পেশাল এডুকেটরের স্থায়ীকরণ করে সুপারিশপত্র দিচ্ছে এসএসসি। কমিশন জানিয়েছে, ১৪ এবং ১৬ মার্চ ওই ৯৫ জনকে সুপারিশপত্র দেওয়া হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজকের প্রসঙ্গের এবারের বিষয় কর্কট রোগ ও তার প্রতিরোধ। দুই পর্বের এই আলোচনায় আজ শুনবেন সারভাইকাল ক্যান্সার প্রতিরোধে ভারত সরকারের বিনামূল্যে hpv টীকা করণ কর্মসূচি। বিশিষ্ট ক্যান্সার বিশেষজ্ঞ ড শংকর নাথের সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটির প্রথম পর্ব শুনবেন রাত ৮টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী ধন-ধান্য যোজনা দেশের ১০০টি জেলায় কার্যকর হলেও পশ্চিমবঙ্গ সরকার এই প্রকল্পটি গ্রহণ করেনি বলে আজ লোকসভায় অভিযোগ করেছেন কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান। এই প্রকল্পের জন্য তালিকায় পুরুলিয়া, দার্জিলিং, আলিপুরদুয়ার, ঝাড়গ্রামের নাম ছিল।

পাশাপাশি, গত ১০ বছরে দেশে শস্য উৎপাদন ৪৪ শতাংশ বৃদ্ধি পেয়েছে বলেও জানিয়েছেন কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান। আজ লোকসভায় এক প্রশ্নের উত্তরে শ্রী চৌহান বলেন, নতুন মাইল ফলক সৃষ্টি করে দেশে খাদ্য শস্য উৎপাদন ৩৫৭ মিলিয়ন টনে পৌঁছেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে দেশের কৃষি ক্ষেত্রের সংস্কারে যে সব সিদ্ধান্ত নেওয়া হয়েছে তার ফলে কৃষকদের আর্থিক উন্নতির পাশাপাশি শস্য উৎপাদনও বেড়েছে বলে কেন্দ্রীয় কৃষি মন্ত্রী জানিয়েছেন। চিনকে পিছনে ফেলে ধান উৎপাদনে ভারত বিশ্বে বর্তমানে প্রথম স্থানে রয়েছে বলেও তিনি জানান। দেশে ডাল উৎপাদন ১৯ মিলিয়ন টন থেকে বেড়ে ২৬ মিলিয়ন টনে পৌঁছেছে বলে জানিয়েছেন শ্রী চৌহান।

oooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গে সাংবিধানিক নিয়ম ও আইনের শাসন মানা হচ্ছে না বলে অভিযোগ করেছেন কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রী জেপি নাড্ডা। আজ রাজ্যসভায় এক প্রশ্নের উত্তরে তিনি বলেন, পশ্চিমবঙ্গ হল একমাত্র রাজ্য যেখানে আইনের শাসন নেই। এখানে সাংবিধানিক প্রক্রিয়া ও রাজনৈতিক নিয়ম মানা হয় না, বিচার বিভাগকেও সম্মান করা হয় না বলে অভিযোগ করেন তিনি।

পশ্চিমবঙ্গে একজন মহিলা মুখ্যমন্ত্রীর জমানায় একজন আদিবাসী মহিলা রাষ্ট্রপতিকে অপমান করা হয়েছে বলেও জেপি নাড্ডা এদিন অভিযোগ করেন।

oooooooooooooooooooooo

পশ্চিম এশিয়ার যুদ্ধকালীন পরিস্থিতির মধ্যে, কেন্দ্রীয় সরকার গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলির জন্য প্রাকৃতিক গ্যাসের উৎপাদন, সরবরাহ বজায় রাখা, সুষম বন্টন এবং নিয়ন্ত্রণের জন্য ১৯৫৫ সালের অত্যাবশ্যকীয় পণ্য আইন-এসেনশিয়াল কমোডিটিস অ্যাক্ট প্রয়োগ করেছে। প্রাকৃতিক গ্যাস সরবরাহের ক্ষেত্রে গার্হস্থ্য ক্ষেত্রে ও পরিবহণের জন্য প্রাকৃতিক গ্যাস সরবরাহ, এলপিজি উৎপাদন, অন্যান্য প্রয়োজনীয় ক্ষেত্রে প্রাকৃতিক গ্যাস যথাযথ ভাবে মজুদ রাখার কথা কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রকের এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে।

oooooooooooooooooooo

সরকার, তেল শোধনাগারগুলিকে এল পি জি র উৎপাদন আরও বাড়ানো এবং গৃহস্থালীর কাজে তা ব্যাবহারের জন্যে নির্দেশিকা জারি করেছে। পশ্চিম এশিয়ায় বর্তমান পরিস্থিতির প্রেক্ষিতে জ্বালানি ও রান্নার গ্যাসের  সরবরাহ ব্যাহত হতে পারে – এই আশঙ্কার মধ্যেই এই নির্দেশিকা।
সামাজিক মাধ্যমে এক  বার্তায় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রক জানিয়েছে, সরকার বাড়ি বাড়ি রান্নার গ্যাসের নিরবচ্ছিন্ন সরবরাহকে অগ্রাধিকার দিচ্ছে। কালোবাজারি ও মজুতদারি বন্ধ করতে ২ বুকিং এর মধ্যবর্তী সময় ২৫ দিন করা হয়েছে।

oooooooooooooooooooo

রাজ্যে রেলের প্রস্তাবিত সাতটি প্রকল্পের জন্য কেন্দ্রের তরফে রাজ্য সরকারের কাছে লিখিতভাবে প্রস্তাব দিয়ে যে জমি চাওয়া হয়েছিল সংশ্লিষ্ট মন্ত্রীগোষ্ঠী তার জন্য জমি অধিগ্রহণের সম্মতি দিয়েছে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। কেন্দ্রের চাওয়া প্রকল্পগুলির জন্য জমি সংক্রান্ত বিষয়টি নিষ্পত্তি করতে মন্ত্রিসভার সদস্য ফিরহাদ হাকিম, অরূপ বিশ্বাস ও চন্দ্রিমা ভট্টাচার্যকে নিয়ে যে বিশেষ মন্ত্রীগোষ্ঠী তৈরি করা হয়েছে সম্প্রতি বৈঠকের পরে তারা এই সম্মতি দিয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করতে বলেছে বলে সূত্রের খবর।

উল্লেখ্য গুমানি থেকে মালদা টাউন আদ্রা-রুকনি রুট ডাবলিং, গৌরিনাথ ধাম থেকে পুরুলিয়া এবং রুকনি থেকে আনারা পর্যন্ত রেল উড়ালপুল সহ মোট সাতটি প্রকল্পের জন্য রাজ্য সরকারের কাছে জমি যাওয়া হয়েছে। কিন্তু রাজ্য সরকারের চূড়ান্ত অসহযোগিতার কারণে প্রয়োজনের মাত্র ২৭ শতাংশ জমি পাওয়া গিয়েছে বলে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ সম্প্রতি অভিযোগ করেছিলেন।

ooooooooooooooooooooo

ক্রমবর্ধমান জলের চাহিদা ও  শিল্পাঞ্চলগুলিতে দূষিত বর্জ্য জল উৎপাদন বৃদ্ধির প্রেক্ষাপটে জলের নিরাপদ পুনর্ব্যবহার বাড়াতে খসড়া নীতি প্রকাশ করেছে রাজ্য সরকার। ‘স্টেট পলিসি অন সেফ রিইউজ অব ট্রিটেড ওয়েস্টওয়াটার’ নামে এই খসড়া নীতির বাস্তবায়নের জন্য মুখ্যসচিবের নেতৃত্বে একটি উচ্চপর্যায়ের পর্যবেক্ষণ কমিটি গঠন করা হবে। রাজ্যের পুর ও নগরন্নয়ন বিষয়ক দপ্তর এই খসড়া নীতি প্রকাশ করে  সংশ্লিষ্ট ক্ষেত্রে সঙ্গে যুক্ত সকল এবং সাধারণ মানুষের কাছ থেকে মতামত আহ্বান করেছে। আগামী ৩০ দিনের মধ্যে প্রাপ্ত পরামর্শ বিবেচনা করে নীতিটি চূড়ান্ত করা হবে।

oooooooooooooooooooooooo

নির্বাচন কমিশনের নির্দেশ মেনে রাজ্য সরকার ব্লক ও মহকুমার প্রশাসনিক স্তরে আরও এক দফায় রদবদল করেছে। উত্তর ও দক্ষিণবঙ্গ মিলিয়ে বিডিও এবং এসডিও পদে মোট ১৯৪ জন কে বদলি করা হয়েছে বলে অনগ্রসর শ্রেণী কল্যাণ দপ্তর থেকে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ কেন্দ্রীয় শিল্প সুরক্ষা বাহিনী-CISF-এর ৫৭ তম প্রতিষ্ঠা দিবস পালিত হচ্ছে। এই উপলক্ষ্যে উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণাণ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ শুভেচ্ছা জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ বাংলাদেশ এবং সংলগ্ন এলাকায় একটি ঘূর্ণাবর্ত্য অবস্থান করছে। এর ফলে আজ দক্ষিণবঙ্গে এবং বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বৃদ্ধি পাওয়ায় উত্তরবঙ্গের বেশ কিছু জায়গায় বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০